

কোভিড-19 ভ্যাকসিন এবং সিজনাল ইনফ্লুয়েঞ্জা ভ্যাকসিন একই সময়ে প্রয়োগ

সর্বশেষ খবর

সিজনাল ইনফ্লুয়েঞ্জা ভ্যাকসিনেশন স্কিম (রেসিডেন্সিয়াল কেয়ার হোম ভ্যাকসিনেশন প্রোগ্রাম সহ) 2024-25 শুরু হতে চলেছে 26 সেপ্টেম্বর 2024 এ*

কেন আমাদের কোভিড-19 ভ্যাকসিন এবং সিজনাল ইনফ্লুয়েঞ্জা ভ্যাকসিন একই সময়ে নেওয়া উচিত?

কোভিড-19 ভ্যাকসিনগুলি অবহিত সম্মতির অধীনে SIV (ইনঅ্যাক্টিভ ইনফ্লুয়েঞ্জা ভ্যাকসিন, লাইভ অ্যাটেনুয়েটেড ইনফ্লুয়েঞ্জা ভ্যাকসিন এবং রিকম্বিন্যান্ট ইনফ্লুয়েঞ্জা ভ্যাকসিন সহ অন্যান্য) এর আগে বা পরে যে কোনো সময় একই সাথে দেওয়া যেতে পারে*

একই সাথে ইনফ্লুয়েঞ্জা এবং কোভিড-19 আক্রান্ত ব্যক্তির অবস্থা আরও বেশি গুরুতর হতে পারে ও তাদের মৃত্যুর ঝুঁকি বেশি থাকে, তাই সিজনাল ইনফ্লুয়েঞ্জা ভ্যাকসিন (SIV) হাসপাতালে ভর্তি হওয়ার সম্ভাবনা এবং তার সাথে সাথে দীর্ঘদিন হাসপাতালে থাকার সম্ভাবনাও কমাতে পারে*

2024/25 মৌসুমে কোভিড-19 ভ্যাকসিন এবং SIV কোথা থেকে একসাথে নিতে পারবেন? যারা সরকারের কোভিড-19 ভ্যাকসিনেশন কর্মসূচির অধীনে বিনামূল্যে কোভিড-19 ভ্যাকসিন পাওয়ার যোগ্য(দয়া করে দেখুন: <https://www.chp.gov.hk/en/features/106952.html> বিস্তারিত জানার জন্য), তারা এর সাথে সাথে বিনামূল্যে অথবা সম্পূর্ণক SIV পাওয়ার যোগ্য হলে নীচে প্রদর্শিত নির্ধারিত স্থানে কোভিড-19 ভ্যাকসিন এবং SIV একই সময়ে নিতে পারবেন।

ভ্যাকসিন দেওয়ার স্থানের ধরন	একই সময়ে প্রয়োগ যোগ্য ব্যক্তির তালিকা	বুকিং
প্রাইভেট ক্লিনিক কোভিড-19 ভ্যাকসিনেশন কেন্দ্র (PCVSs) PCVSs এর তালিকা	1. 50 বছর বা তার বেশি বয়সী হংকংয়ের বাসিন্দা (বিনামূল্যে) 2. 6 মাস থেকে 18 বছরের কম বয়সী হংকংয়ের বাসিন্দা (বিনামূল্যে)	অনলাইন বুকিং সিস্টেম , এর মাধ্যমে কোভিড-19 ভ্যাকসিন নেওয়ার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নিন, তারপর আপনি SIV পাওয়ার ব্যবস্থা করার জন্য ভ্যাকসিন দেওয়ার

		তারিখে সরাসরি PCVSs-এর সাথে যোগাযোগ করতে পারেন”
ক্লিনিকের বাইরে ভ্যাকসিনেশন কার্যক্রম # ক্লিনিকের বাইরে ভ্যাকসিন প্রদানকারী PCVSs এর তালিকা		আয়োজকরা (সংস্থা, কোম্পানি, স্কুল ইত্যাদি) বিস্তারিত জানার জন্য সরাসরি ডাক্তারের সাথে যোগাযোগ করতে পারেন
শিশু কমিউনিটি ভ্যাকসিনেশন কেন্দ্র (CCVC) CCVC এর তালিকা	1. 6 মাস থেকে 17 বছর বয়সী শিশু এবং কিশোর (বিনামূল্যে)	
স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে মনোনীত মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্র (MCHCs) এর সাথে সম্পর্কিত ব্যবস্থা এবং মনোনীত MCHCs এর তালিকা	1. 6 মাস থেকে 4 বছর বয়সী শিশু (বিনামূল্যে)	অনলাইন বুকিং সিস্টেম এর মাধ্যমে
স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে মনোনীত স্টুডেন্ট হেলথ সার্ভিস সেন্টার (SHSCs) মনোনীত SHSCs এর তালিকা	1. 5 থেকে 11 বছর বয়সী শিশুরা (বিনামূল্যে)	
হাসপাতাল কর্তৃপক্ষের অধীনে মনোনীত জেনারেল আউটপেশেন্ট ক্লিনিক (GOPCs) মনোনীত GOPCs এর তালিকা	1. যোগ্য রোগীরা (বিনামূল্যে)	কোভিড-19 ভ্যাকসিন প্রাপ্তির জন্য অনলাইন বুকিং সিস্টেম এর মাধ্যমে একটি অ্যাপয়েন্টমেন্ট করুন, তারপর আপনি ভ্যাকসিন দেওয়ার তারিখে SIV প্রাপ্তির ব্যবস্থার জন্য সরাসরি যোগাযোগ করতে পারেন GOPC এর সাথে

<p>স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে মনোনীত বয়স্ক স্বাস্থ্য কেন্দ্র (EHCs)</p> <p>সম্পর্কিত ব্যবস্থা এবং মনোনীত EHCs এর তালিকা</p>	<p>1. EHCs সদস্য (বিনামূল্যে)</p>	<p>EHCs প্রতি সপ্তাহের নির্দিষ্ট দিনে কোভিড-19 / সিজনাল ইনফ্লুয়েঞ্জার ভ্যাকসিন প্রদান করে থাকে” EHCs এর সদস্যরা তাদের নিজ নিজ EHCs এ অ্যাপয়েন্টমেন্ট নিতে পারবেন”</p>
<p>আবাসিক কেয়ার হোম (RCHs) এবং নার্সিং হোম</p> <p>RVP তালিকাভুক্ত ভিজিটিং মেডিকেল অফিসারের তালিকা</p>	<p>1. বয়স্ক এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য RCHs সহ, আবাসিক কেয়ার হোমগুলির বাসিন্দারা (বিনামূল্যে)</p>	<p>বিস্তারিত জানার জন্য RCH সরাসরি ডাক্তারদের সাথে যোগাযোগ করতে পারবেন”</p>

ভ্যাকসিনেশন সাবসিডি স্কিম (VSS) এর মাধ্যমে আউটরিচ কোভিড-19 ভ্যাকসিনেশন কার্যক্রমের ব্যবস্থা করার নির্দেশিকা:

https://www.chp.gov.hk/files/pdf/covid19vss_guidelinesforschooloutreach_eng.pdf

নন-ক্লিনিক সেটিংসে SIV ভ্যাকসিন প্রাপ্তির ব্যবস্থা করার নির্দেশিকা:

https://www.chp.gov.hk/files/pdf/guidelines_vaccination_nonclinic_eng.pdf

* যে ব্যক্তির SIV এবং কোভিড-19 ভ্যাকসিন পৃথক সময়ে নিতে চান, তারা প্রাসঙ্গিক ওয়েবপেজগুলি দেখতে পারেন”

- কোভিড-19 ভ্যাকসিনেশন কর্মসূচির জন্য বিষয়ভিত্তিক ওয়েবসাইট: <https://www.chp.gov.hk/en/features/106934.html>
- ভ্যাকসিনেশন স্কিম পেজ (SIV): <https://www.chp.gov.hk/en/features/17980.html>

কোভিড-19 ভ্যাকসিন এবং SIV একই সময়ে প্রয়োগ সম্পর্কিত তথ্য

- https://www.chp.gov.hk/files/pdf/factsheet_covidvaccine_mrna_eng.pdf
- https://www.chp.gov.hk/files/pdf/seasonal_influenza_vaccination_pamphlet_en.pdf

25-09-2024

